

স্মারক নং : বশেমুরক্বি/প্রশা:/ব্য:-৭০৩/২০১৩/১৮০৬

তারিখ- ২৪/১০/২০১৩


প্রেরক : রেজিস্ট্রার  
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়  
গাজীপুর-১৭০৬।  
প্রাপক : মুঈনা জাহান  
সহকারী অধ্যাপক  
মাইক্রোবায়োলজি এন্ড পাবলিক হেলথ বিভাগ  
বশেমুরক্বি, গাজীপুর-১৭০৬।  
মোবাইল: ০১৭২৩১-৩২১৯৩  
ই-মেইল: mueena@bsmrau.edu.bd

বিষয় : শিক্ষা ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনার ২৪/০৯/২০১৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে এবং শিক্ষা ছুটি মঞ্জুর সংক্রান্ত কমিটির ৫৬ তম সভার সিদ্ধান্ত মোতাবেক আপনাকে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন “বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট” এর অর্থায়নে Veterinary Sciences বিষয়ে The Freie University of Berlin এবং The Robert Koch Institute, Germany-তে Anthrax (molecular epidemiology and role of vectors) শিরোনামে পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য প্রাথমিকভাবে ০১/১১/২০১৩ হইতে ৩১/১০/২০২২ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছর পূর্ণগড় বেতনে শিক্ষা ছুটি মঞ্জুর করত: জার্মান গমন ও তথায় অবস্থানের অনুমতি প্রদান করা হইল। ভবিষ্যতে সরকার/বশেমুরক্বি কর্তৃক শিক্ষা ছুটি সংক্রান্ত নতুন কোন সংশোধন/পরিবর্তন/পরিমার্জন আদেশ জারী করা হইলে উহা আপনার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

শর্তাবলী :

১. আপনি PhD প্রোগ্রামে অধ্যয়নের বিষয়/গবেষণার শিরোনাম এবং বর্ণিত প্রতিষ্ঠান/দেশ পরিবর্তন করিতে পারিবেন না।
২. এতদসংক্রান্ত যাবতীয় ব্যয়ভার “বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট” কর্তৃক বহন করা হইবে। ইহাতে বাংলাদেশ সরকার/বশেমুরক্বি’র কোন আর্থিক সংশ্লেষ থাকিবে না।
৩. আপনি প্রচলিত অন্যান্য নিয়মাবলী অবশ্যই মানিয়া চলিবেন।
৪. আপনি অধ্যয়নকালীন প্রতি ৬ (ছয়) মাস পর পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে আপনার অধ্যয়নের একটি অগ্রগতি প্রতিবেদন রেজিস্ট্রার, বশেমুরক্বি অনুকূলে প্রেরণ করিবেন।
৫. শিক্ষা ছুটি শেষে আপনি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রেজিস্ট্রার, বশেমুরক্বি বরাবর যোগদানপত্র দাখিল করিবেন। তৎসহ আপনার পিএইচডি সনদ, অভিসন্দর্ভ ও প্রকাশনাসমূহের এক কপি বশেমুরক্বি গ্রন্থাগার ও এক কপি রেজিস্ট্রার দপ্তরে সংরক্ষণের জন্য জমা দিবেন।
৬. শিক্ষা ছুটি চলাকালে আপনি যদি এমএস/পিএইচডি গবেষণালব্ধ ডাটা ব্যবহার করিয়া কোন পাবলিকেশন করেন, সেইক্ষেত্রে অথর (Author)-এর ঠিকানা হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়-এর নাম অবশ্যই উল্লেখ থাকিতে হইবে। উল্লেখ না থাকিলে উক্ত পাবলিকেশন পরবর্তী পদোন্নতি/পর্যায়োন্নয়ন-এর ক্ষেত্রে গ্রহণযোগ্য হইবে না।
৭. ডিগ্রি সমাপ্তিতে প্রদত্ত বন্ড অনুযায়ী আপনি এই বিশ্ববিদ্যালয়ে ৬ বছর চাকুরী করিতে বাধ্য থাকিবেন। আপনি বিশ্ববিদ্যালয়ে যোগদান/দেশে প্রত্যাবর্তন না করিলে, স্বেচ্ছায় ইস্তফা দিলে/অবসরে যাওয়ার আবেদন করিলে বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ছুটিকালীন আপনার আহরিত বেতন ও ভাতাদি ১৩% সুদসহ ফেরত দিতে বাধ্য থাকিবেন। উপরন্তু শিক্ষা ছুটিকালীন আপনার পেনশনযোগ্য চাকুরীকাল বলিয়া বিবেচিত হইবে না।
৮. আপনি বিদেশ গমনের পূর্বে আপনার ব্যবহৃত অফিস কক্ষটি আপনার বিভাগীয় প্রধানের নিকট বুঝাইয়া দিবেন।

 ২৪.১০.২০১৩

(মো. সিরাজুল ইসলাম তালুকদার)

রেজিস্ট্রার

ফোন-৯২০৫৩২৩

ই-মেইল: registrar@bsmrau.edu.bd

তারিখ- ২৪/১০/২০১৩

স্মারক নং : বশেমুরক্বি/প্রশা:/ব্য:-৭০৩/২০১৩/১৮০৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

১. সচিব, শিক্ষা/স্বরাষ্ট্র/পররাষ্ট্র/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ট্রেজারার, বশেমুরক্বি।
৩. ডীন (গ্র্যাজুয়েট স্টাডিজ/কৃষি/ফিশারিজ/ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স/কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন) অনুষদ, বশেমুরক্বি।
৪. মহা-পরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. নিয়ন্ত্রক (বৈদেশিক মুদ্রা), বৈদেশিক মুদ্রা বিনিময় বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৬. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৭. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৮. বিভাগীয় প্রধান, মাইক্রোবায়োলজি এন্ড পাবলিক হেলথ বিভাগ, বশেমুরক্বি।
৯. উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর দপ্তর, বশেমুরক্বি।
১০. উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বশেমুরক্বি।
১১. কম্পিউটার প্রোগ্রামার, বশেমুরক্বি- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১২. সংশ্লিষ্ট নথিসমূহ/ ব্যক্তিগত নথি।

 ২৪.১০.২০১৩  
(নাসের সালেহ চৌধুরী)  
উপ-রেজিস্ট্রার